দৈনিক ইনকিলাব

তারিখ 20 NOV 1988
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

010

# রাজশাহী মেডিকেল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ

## শিবির নেতা হত্যার প্রতিবাদে হরতাল

॥ নিজস্ব সংবাদদাতা ॥

রাজশাহী, ১৯ নভেম্বর।— রাজশাহী বিশ্ববিদ্যালয়ে শিবির নেতা আসলাম ও আজগর হত্যার প্রতিবাদে আজ রাজশাহীতে অর্ধদিবস হরতাল পালিত হয়। শিবিরের রাজশাহী মহানগরী, জেলা ও বিশ্ববিদ্যালয় শাখা এই হরতাল আহবান করে।

হরতাল চলাকালে নগরীর সকল দোকানপাট বন্ধ ছিল, ব্যাংক, শিক্ষা প্রতিষ্ঠান ও অফিস-আদালতে কোন কাজ হয়নি। ছাত্র নেতৃদ্বয় হত্যার প্রতিবাদে শিবির শহরে ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহে খণ্ড খণ্ড মিছিল বের করে।

শেষ পৃঃ ১-এর কঃ দেখুন

## রাজশাহী

প্রথম পৃষ্ঠার পর

**মেডিকেল কলেজ বন্ধ**

শিবির নেতৃদ্বয়ের হত্যার প্রতিবাদে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে চরম উত্তেজনা বিরাজ করার পরিপ্রেক্ষিতে আজ রাজশাহী মেডিকেল কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়। আজ বিকেল ৫টার মধ্যেই ছাত্র-ছাত্রীদের মেডিকেল কলেজ হোস্টেল ত্যাগে বাধ্য করা হয়।

**৬০ জন বিশিষ্ট শিক্ষকের বিবৃতি**

ছাত্রনেতা আসলাম ও আজগর হত্যার তীব্র নিন্দা ও রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কঠোর সমালোচনা করে উক্ত বিশ্ববিদ্যালয়ের ৬০ জন বিশিষ্ট শিক্ষক এক বিবৃতি প্রদান করেছেন। তারা বলেন, দীর্ঘদিন যাবত রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সন্ত্রাস নিরসন ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তারা বার বার অনুরোধ জানিয়ে আসছেন কিন্তু কর্তৃপক্ষ নীরব ভূমিকা পালন করছে।

বিবৃতিতে স্বাক্ষর প্রদানকারীর মধ্যে রয়েছেন— ইংরেজী বিভাগের চেয়ারম্যান প্রফেসর এ, কে, এম, মহিউদ্দিন, পদার্থ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান প্রফেসর আজহারুল ইসলাম, ইসলামের ইতিহাস বিভাগের চেয়ারম্যান প্রফেসর মোখলেসুর রহমান, প্রখ্যাত অর্থনীতিবিদ ম, আ, হামিদ, সিনেট সদস্য প্রফেসর ইউসুফ আলী, ডঃ আশরাফুজ্জামান, প্রফেসর সদরুদ্দিন আহমদ, ভাষা বিভাগের চেয়ারম্যান প্রফেসর এম, কলিম প্রমুখ।